গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
আইসিটি সেল

www.fid.gov.bd

**ডিজিটালাইজড ও সহজীকৃত সেবার প্রসেস ম্যাপ তৈরি এবং টেকনোলজি ট্রান্সফার বিষয়ক অনলাইন সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | ফরিদা ইয়াসমিন<br>যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ। |
| সভার তারিখ | ১২ এপ্রিল ২০২৬, রবিবার |
| সভার সময় | সকাল ১১ঃ ০০ টা |
| স্থান | অনলাইন (জুম সফটওয়্যার) |
| উপস্থিতি | ... |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য ইনোভেশন টিমের সদস্য-সচিব জনাব চন্দন পালকে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে তিনি সভাকে অবহিত করেন যে, গত ৩১ মার্চ ২০২৬ তারিখ অনুষ্ঠিত সভায় প্রত্যেক দপ্তর/সংস্থা-কে ডিজিটালাইজড ও সহজীকৃত সেবাসমূহের প্রসেস ম্যাপ তৈরি, ইনোভেশন শোকেসিং আয়োজন এবং টেকনোলজি ট্রান্সফার বিষয়ে সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। সে পরিপ্রেক্ষিতে ডিজিটালাইজড ও সহজীকৃত সেবাসমূহের প্রসেস ম্যাপ তৈরির ক্ষেত্রে নির্দেশনা প্রদান, মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থায় ইনোভেশন শোকেসিং আয়োজন এবং টেকনোলজি ট্রান্সফার বিষয়ে বিস্তারিত আলোচনার নিমিত্ত আজকের সভার আয়োজন করা হয়েছে।

০২। সভাপতির অনুমতিক্রমে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন নিয়ন্ত্রক সংস্থা, রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংকসহ অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহের ইনোভেশন অফিসারগণ পর্যায়ক্রমে তাদের বক্তব্য ও মতামত সভায় উপস্থাপন করেন।

০৩। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. প্রত্যেক দপ্তর/সংস্থা অদ্যাবধি যেসকল সেবা ডিজিটালাইজড ও সেবা সহজীকরণ করেছে প্রত্যেকটির প্রসেস ম্যাপ যথাযথভাবে তৈরি ও একত্রিত করে আগামী মে, ২০২৬ মাসের মধ্যে বই আকারে তৈরি করবে;

খ. নিজ দপ্তরে সুষ্ঠুভাবে ইনোভেশন শোকেসিং আয়োজনের জন্য প্রত্যেক দপ্তর/সংস্থা ইনোভেশন টিম নিয়ে সভা ও কর্মশালা করবে এবং বাস্তবায়িত সেবাসমূহের প্রসেস ম্যাপ ও ফ্লোচার্ট পরীক্ষা-নিরীক্ষা করবে;

গ. প্রত্যেক দপ্তর/সংস্থা ইনোভেশন শোকেসিং আয়োজনের তারিখ ও সময় নির্বাচনের ক্ষেত্রে এ বিভাগের সাথে সমন্বয় সাধন এবং সরকারের ব্যয় সংকোচন নীতি যথাযথভাবে অনুসরণ করবে;

ঘ. প্রত্যেক দপ্তর/সংস্থার ইনোভেশন শোকেসিং ২০২৫-২৬ অনুষ্ঠানে উর্ধ্বতন কর্তৃপক্ষ সহ জুম প্লাটফর্মে দেশের বিভিন্ন ব্রাঞ্চ পর্যায়ের কর্মকর্তাগণের উপস্থিতির ব্যবস্থা করবে;

ঙ. সাধারণ বীমা কর্পোরেশন, ইনভেস্ট কর্পোরেশন অব বাংলাদেশ, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথোরিটি তাদের কর্মপরিকল্পনা পুনর্নিরীক্ষাপূর্বক আগামী ১৬ এপ্রিল ২০২৬ তারিখ এর মধ্যে এ বিভাগে প্রেরণ করবে;

চ. বেসিক ব্যাংক পিএলসি, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, পল্লী সঞ্চয় ব্যাংক,পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন, বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এবং বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমি এপ্রিল, ২০২৬ এর তৃতীয় সপ্তাহ বা চতুর্থ সপ্তাহের মধ্যে ইনোভেশন সংক্রান্ত বেসিক প্রশিক্ষণের আয়োজন করবে;

ছ. যেসকল দপ্তর/সংস্থা তিন (০৩) বা তার তদনিম্নে সেবা বাস্তবায়ন করেছে সেসকল দপ্তর/সংস্থা সভা/কর্মশালা আয়োজনের মাধ্যমে ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়িত সেবা এবং ২০২৬-২৭ অর্থবছরের ইনোভেশন আইডিয়া নিরীক্ষাপূর্বক ইনোভেশন শোকেসিং ২০২৫-২৬ এ প্রদর্শন করবে;

জ. বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন 'লোন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার' ৫টি ব্যাংকে দ্রুত চালু করার জন্য এপ্রিল,২০২৬ এর তৃতীয় সপ্তাহের মধ্যে সভা আয়োজন করবে;

ঝ. সোনালী ব্যাংক পিএলসি, রূপালী ব্যাংক পিএলসি, জনতা ব্যাংক পিএলসি, বেসিক ব্যাংক পিএলসি, বাংলাদেশ কৃষি ব্যাংক, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন এবং ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ-এর ইনোভেশন অফিসারদের সমন্বয়ে '**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার শোকেসিং**' বিষয়ক ডকুমেন্টারি প্রণয়নের জন্য সাত (০৭) সদস্যের একটি কমিটি গঠন করা হবে এবং

ঞ. বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক পিএলসি, বেসিক ব্যাংক পিএলসি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি এবং বাংলাদেশ কৃষি ব্যাংক -এর ইনোভেশন অফিসারদের সমন্বয়ে ইনোভেশন শোকেসিং ২০২৫-২৬ সম্পর্কিত প্রচারপত্র বা লিফলেট প্রণয়নের জন্য পাঁচ (০৫) সদস্যের একটি কমিটি গঠন করা হবে।

০৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩-০৪-২০২৬
ফরিদা ইয়াসমিন
যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
ফোন : ০২-৫৫১০১১৫৬
ইমেইল : js.law@fid.gov.bd

**নম্বর:** ৫৩.০০.০০০০.০০০.২০১.৫৮.০০০১.২৬.১৮

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।।
২। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
৩। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
৪। এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
৫। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী ব্যাংক পিএলসি (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।।
৬। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, রূপালী ব্যাংক পিএলসি (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
৭। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, অগ্রণী ব্যাংক পিএলসি (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
৮। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, জনতা ব্যাংক লিমিটেড (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১০। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বেসিক ব্যাংক পিএলসি (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১১। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।

১২। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১৩। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি, (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, কর্মসংস্থান ব্যাংক (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
২০। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
২১। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
২২। পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
২৩। ব্যবস্থাপনা পরিচালক, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
২৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
২৫। নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
২৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২৭। উপসচিব, পরিকল্পনা-১ শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং
২৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

Chandan Paul

১৩-০৪-২০২৬
চন্দন পাল
সদস্য-সচিব (ইনোভেশন টিম, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ)